



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আই.সি.টি.র মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে শিক্ষার প্রচলন প্রকল্প (২য় পর্যায়)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
কক্ষ নং-১২২, শিক্ষা ভবন (১ম ব্লক), ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০, ফোন: ৪১০৫০১০৫-০৬
Web: www.ictedu.gov.bd, E-mail: pd-ict@dshe.gov.bd



স্মারক নং: মাউশি/আইসিটিপি-২/৫১/২০১৭/১৫

তারিখ- ২৩/০২/২০১৯ খ্রি:

বিষয়: মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষকগণের জন্য In-house Training of Teachers (IHT) বাস্তবায়নের জন্য প্রতি উপজেলায় ৫টি শিক্ষা প্রতিষ্ঠানের সমন্বয়ে একটি করে ক্লাস্টার গঠন এবং প্রশিক্ষণ ভেন্যু চিহ্নিতকরণ প্রসঙ্গে।

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন আইসিটি'র মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে শিক্ষার প্রচলন প্রকল্প (২য় পর্যায়) এর মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষকদের জন্য ০৬ দিনের In-house Training of Teachers (IHT) প্রশিক্ষণ কার্যক্রম আগামী এপ্রিল ২০১৯ খ্রি: হতে শুরু করার পরিকল্পনা রয়েছে। উল্লিখিত প্রশিক্ষণ শিক্ষকদের সক্ষমতা বৃদ্ধিতে, মাল্টিমিডিয়া ক্লাশরুম কার্যক্রম বাস্তবায়নে এবং শ্রেণি পাঠদান আকর্ষণীয় করতে সহায়ক ভূমিকা রাখতে সক্ষম হবে। প্রশিক্ষণ কার্যক্রমটি সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রতি উপজেলায় IHT পরিচালনার জন্য ভেন্যু নির্ধারণ করতে হবে। প্রশিক্ষণ ভেন্যু নির্বাচনে আপনার আওতাধীন জেলার প্রতিটি উপজেলা/থানায় প্রয়োজনীয় ভৌত অবকাঠামোসহ প্রশিক্ষণ পরিচালনার জন্য কমপক্ষে ৫টি ল্যাগটপ ও ইন্টারনেট এর সুবিধা রয়েছে এমন শিক্ষা প্রতিষ্ঠানকে (EIIN নম্বরধারী স্কুল, কলেজ ও মাদ্রাসা) প্রশিক্ষণ ভেন্যু হিসেবে চিহ্নিত করে ৫টি নিকটবর্তী শিক্ষা প্রতিষ্ঠান সমন্বয়ে একটি করে ক্লাস্টার গঠন করতে হবে।

প্রকল্প দলিল মোতাবেক এ প্রকল্পের আওতায় Basic Teachers' Training (BTT) কোর্স সম্পন্নকারী শিক্ষকগণ প্রকল্প কর্তৃক সরবরাহকৃত প্রশিক্ষণ ম্যানুয়াল অনুসরণে ৬দিনের (২০জনের ব্যাচ ভিত্তিক) ইন-হাউজ প্রশিক্ষণ প্রদান করবেন। প্রয়োজনে প্রকল্পের মাস্টার ট্রেনার/কোর ট্রেনার/টিটিসি, নায়েম, এইচএসটিটিআই বা অন্য কোন সংস্থার রিসোর্স পার্সন ক্লাস্টার কেন্দ্রে শিক্ষকদের ইন-হাউজ প্রশিক্ষণ প্রদানে সহায়তা করবেন। প্রশিক্ষণ ভেন্যু প্রধানের সহায়তায় জেলা শিক্ষা কর্মকর্তা/উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ইন-হাউজ প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করবেন।

এ পরিপেক্ষিতে আপনার জেলার সকল উপজেলা/থানার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠানকে বিবেচনায় নিয়ে প্রশিক্ষণ ভেন্যু চিহ্নিতকরণসহ ৫টি শিক্ষা প্রতিষ্ঠানের সমন্বয়ে একটি করে ক্লাস্টার গঠনপূর্বক উপজেলা ভিত্তিক তালিকা নিম্নোক্ত ছক মোতাবেক কম্পাইল করে জেলার সমন্বিত তালিকার সফটকপি (doc & pdf) আগামী ০৭/০৩/২০১৯ এর মধ্যে adtrainingictp@gmail.com ই-মেইলে জরুরী ভিত্তিতে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, ক্লাস্টার ভিত্তিতে ইন-হাউজ প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য বিধি মোতাবেক জেলা শিক্ষা কর্মকর্তাকে আর্থিক ক্ষমতা পুন:অর্পণ করা হবে।

জেলার নাম:		উপজেলা/থানার নাম:	
ক্রমিক	প্রশিক্ষণ ভেন্যু হিসেবে চিহ্নিত শিক্ষা প্রতিষ্ঠানের নাম, EIIN নম্বর, প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বর এবং কর্মরত শিক্ষক সংখ্যা	ক্লাস্টারে অন্তর্ভুক্ত অন্য ৪টি শিক্ষা প্রতিষ্ঠানের নাম, EIIN নম্বর এবং কর্মরত শিক্ষক সংখ্যা	ক্লাস্টারভুক্ত ৫টি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত মোট শিক্ষক সংখ্যা

(প্রফেসর মোহাম্মদ শামসুল হুদা)

মহাপরিচালক (স্টুটিন দায়িত্ব)

ফোন: ০২-৯৫৫৩৫৪২

জেলা শিক্ষা কর্মকর্তা (সকল)

স্মারক নং: মাউশি/আইসিটিপি-২/৬৯/২০১৭/১৫

তারিখ- ২৩/০২/২০১৯ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ২। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৫। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ৬। পরিচালক (প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ৭। পরিচালক, আঞ্চলিক কার্যালয়, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (সকল)।
- ৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাউশি অধিদপ্তর (পত্রটি মাউশির ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
- ৯। অফিস কপি।

(ড. মোঃ আবদুহু ছামাদ)

সহকারী পরিচালক (প্রশিক্ষণ-১)

ফোন: ০২-৪১০৫০১০১ এক্স ২১